# ৫৬ পুলিশ কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসরে পাঠাল সরকার




ছবি: সংগৃহীত

বাংলাদেশ পুলিশের ৫৬ কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়েছে। তাদের মধ্যে ৭ জন সহকারী পুলিশ কমিশনার এবং ৪৯ জন পরিদর্শক রয়েছেন।
বৃহস্পতিবার (১৩ আগস্ট) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের পুলিশ-১ শাখা থেকে এ বিষয়ে দুটি আলাদা প্রজ্ঞাপন জারি করা হয়।
প্রজ্ঞাপনে বলা হয়েছে, সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৪৫ ধারা অনুযায়ী জনস্বার্থে এই কর্মকর্তাদের অবসরে পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আদেশ জারির সঙ্গে সঙ্গেই তা কার্যকর হবে। তবে অবসরে যাওয়া কর্মকর্তারা সরকারি বিধি অনুযায়ী অবসরকালীন প্রাপ্য সুবিধা পাবেন।
স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দেওয়া তথ্য অনুযায়ী, ৪৯ পরিদর্শকের অনেকে জেলা পুলিশ ছাড়াও ডিএমপি, সিআইডি, পিবিআই, বিশেষ শাখা (এসবি), ট্যুরিস্ট পুলিশ, হাইওয়ে পুলিশ ও রেলওয়ে পুলিশসহ বিভিন্ন ইউনিটে দায়িত্বে ছিলেন।

LENS ASIA